# জাবির নতুন প্রক্টর অধ্যাপক জাকির

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ২৯ জুলাই, ২০২৬ ২১:১৫



অধ্যাপক ড. মো. জাকির হোসেন। ছবি : সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) নতুন প্রক্টর হিসেবে (সাময়িক) নিয়োগ পেয়েছেন দর্শন বিভাগের অধ্যাপক ড. মো. জাকির হোসেন। বুধবার (২৯ জুলাই) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. এ বি এম আজিজুর রহমান সই করা এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে।

ওই অফিস আদেশে বলা হয়, অধ্যাপক ড. এ কে এম রশিদুল আলমের অনুরোধের পরিপ্রেক্ষিতে তাকে প্রক্টরের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। একই আদেশে দর্শন বিভাগের অধ্যাপক ড. মো. জাকির হোসেনকে সাময়িক প্রক্টর হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। তিনি প্রচলিত বিধি অনুযায়ী দায়িত্ব পালন করবেন এবং প্রাপ্য সুযোগ-সুবিধা ভোগ করবেন।

এর আগে গত ১২ মে ক্যাম্পাসে এক শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার ঘটনায় প্রশাসনের ভূমিকা নিয়ে শিক্ষার্থীদের টানা আন্দোলন, প্রক্টরিয়াল টিমকে ‘অবাঞ্ছিত’ ঘোষণা এবং প্রক্টর কার্যালয়ে তালা ঝুলিয়ে দেওয়ার পর অধ্যাপক ড. এ কে এম রশিদুল আলম পদত্যাগ করেন।